लक्ष्यं सिद्धमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A./B.Sc. Honours PART-II Examinations, 2017

## ECONOMICS-HONOURS

## PAPER-ECOA-III

Time Allotted: 4 Hours | Full Marks: 100

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

***Use separate Answer Script for each Group and mention the Group on Answer Script***

**প্রতি বিভাগের জন্য ভিন্ন উত্তরপত্র ব্যবহার করো এবং উত্তরপত্রের উপর বিভাগ উল্লেখ করো**

### Group-A
### বিভাগ-ক

1. Answer any ***three*** questions from the following: $4\times3 = 12$

নিম্নলিখিত যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) ‘A firm in a perfectly competitive industry does not enjoy any monopoly power.’ – Explain why?

‘পূর্ণ প্রতিযোগিতার বাজারে কোন উৎপাদন প্রতিষ্ঠান একচেটিয়া ক্ষমতা ভোগ করতে পারেনা।’ – কেন, তা ব্যাখ্যা করো।

(b) What is meant by externality in consumption? Can you explain this concept with the help of a suitable example?

ভোগের বাহ্যিকতা বলতে কি বোঝো ? একটি প্রাসঙ্গিক উদাহরণ সহযোগে বিষয়টি ব্যাখ্যা করো।

(c) Suppose an investor is concerned about business choice in which there are three prospects – the returns and probabilities are furnished below:

| Returns | Probability |
|---|---|
| Rs. 100 | 0.2 |
| Rs. 50 | 0.4 |
| Rs. 25 | 0.4 |

What is the expected value of returns of this uncertain investment?

ধরা যাক, একজন বিনিয়োগকারী এমন একটি বিনিয়োগের নির্বাচনে লিপ্ত যার তিনটি সম্ভাব্য পরিণাম বর্তমান। প্রতিদান ও তার সম্ভাবনা নীচে দেওয়া হলোঃ

| প্রতিদান | সম্ভাবনা |
|---|---|
| 100 টাকা | 0.2 |
| 50 টাকা | 0.4 |
| 25 টাকা | 0.4 |

অনিশ্চিত বিনিয়োগটির প্রত্যাশিত মান কি ?

(d) Explain the meaning of Nash-equilibrium. How is this concept relevant in an oligopoly market?

Nash ভারসাম্যের ধারণাটি ব্যাখ্যা করো। অলিগোপলি বাজারে ভারসাম্য নির্ধারণে এই ধারণাটি কিভাবে গুরুত্বপূর্ণ ?

(e) Distinguish between rent and quasi-rent.

খাজনা ও প্রায়-খাজনার মধ্যে পার্থক্য দেখাও।

2. Answer any ***one*** question from the following: $8\times1=8$

নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) Show with an example from the insurance market how adverse selection leads to crowding out of high quality items by low quality items.

বীমা শিল্পের উদাহরণের মাধ্যমে দেখাও কিভাবে নিকৃষ্ট নির্বাচনের ফলে নিম্নমানের দ্রব্য উচ্চমানের দ্রব্যকে বাজার থেকে বিতাড়িত করে।

(b) Is the existence of excess capacity an inevitable phenomenon in the monopolistic-competitive market?

একচেটিয়া প্রতিযোগিতার বাজারে অতিরিক্ত উৎপাদন ক্ষমতার উপস্থিতি কি অনিবার্য?

(c) Show that the firm that sets output first, have an advantage in the Stackelberg's duopoly model.

দেখাও যে, উৎপাদন প্রতিষ্ঠান তার উৎপাদন প্রথমে স্থির করে, Stackelberg's ডুয়োপলি মডেলে সেই প্রতিষ্ঠান অতিরিক্ত সুবিধা পেয়ে থাকে।

3. Answer any *two* questions from the following: $15\times2=30$

নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) (i) What is conjectural variation in determination of equilibrium under oligopoly? 5

(ii) Explain the output and price determination in a model with a dominant firm and a competitive fringe. Does dominant firm still have effective power to set the price if the supply curve of the competitive fringe is horizontal? 6+4

একটি অগ্রণী বা প্রধান ফার্ম ও অসংখ্য অনুসরণকারী প্রতিযোগী ক্ষুদ্র উৎপাদক গোষ্ঠী থাকলে কিভাবে দাম সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণে নেতৃত্ব দিয়ে থাকে, তা দেখাও। যদি অনুসরণকারী ফার্মগুলির সমবেত যোগান রেখাটি উৎপাদন অক্ষের সমান্তরাল হয়, তাহলে শিল্পে দাম নির্ধারণের ক্ষেত্রে প্রধান ফার্মটির কার্যকরী ক্ষমতা কি অপরিবর্তিত থাকবে?

(b) Derive the budget line of an investor facing a choice between a risky asset and a risk-free asset using standard deviation as a measure of riskness. Show the equilibrium of a risk-averse person using indifference curve under the above situation. 15

একজন বিনিয়োগকারীর ক্ষেত্রে আয় ও ঝুঁকির মধ্যে বাজেট রেখা কিভাবে নির্ধারণ হবে যদি সম্ভাব্য আয়ের সম্যক বিচ্যুতিকে ঝুঁকির পরিমাপক রূপে ধরা হয়? এক্ষেত্রে ঝুঁকি বিমুখ বিনিয়োগকারী আয় ও ঝুঁকির মধ্যে কিভাবে ভারসাম্য নির্ধারণ করে তা নিরপেক্ষ রেখার সাহায্যে ব্যাখ্যা করো।

(c) "Pareto optimality is a necessary but not a sufficient condition for welfare maximisation." – Justify the statement. 15

"সামাজিক কল্যাণ সর্বাধিকরণের জন্য প্যারোটো কাম্যতা হল প্রয়োজনীয় শর্ত, যথেষ্ট শর্ত নয়।" – উক্তিটির যথার্থতা ব্যাখ্যা করো।

(d) Write short notes on any ***two*** from the following: 7.5+7.5

নিম্নলিখিত যে-কোনো ***দুটির*** উপর সংক্ষিপ্ত টীকা লেখোঃ

(i) Two person zero sum game

দুটি ব্যক্তি শূন্য যোগফল ক্রীড়া

(ii) Perceived demand curve & proportional demand curve

অনুমিত চাহিদা রেখা ও বাজার অংশীদারী চাহিদা রেখা

(iii) Natural monopoly.

স্বাভাবিক একচেটিয়া কারবার।

## Group-B

## বিভাগ-খ

4. Answer any ***three*** questions from the following: 4×3 = 12

নিম্নলিখিত যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) What is meant by aggregate demand externality?

সামগ্রিক চাহিদার বাহ্যিকতা বলতে কি বোঝায় ?

(b) What is the basic idea of the Rational Expectation Theory? – Explain.

যুক্তিভিত্তিক প্রত্যাশা তত্ত্বের মূল ধারণা ব্যাখ্যা করো।

(c) What are the alternative definitions of money supply?

অর্থ যোগানের বিকল্প সংজ্ঞাগুলি কি কি ?

(d) Do you think that unanticipated inflation has a greater impact than anticipated inflation?

তুমি কি মনে করো অননুমিত মুদ্রাস্ফীতি অনুমিত মুদ্রাস্ফীতি অপেক্ষা বেশী অভিঘাত সম্পন্ন ?

(e) What is Fisher Effect? – Explain.

ফিশার প্রভাব কি ? ব্যাখ্যা করো।

5. Answer any ***one*** question from the following: 8×1 = 8

নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) How intertemporal substitution of labour may cause fluctuations in output and employment as pointed out by real business cycle theories?

প্রকৃত বাণিজ্যচক্র তত্ত্বে মোট উৎপাদন ও নিয়োগের ওঠানামাকে কিভাবে শ্রমের আন্তঃসময় পরিবর্ততার সাহায্যে ব্যাখ্যা করা হয় ?

(b) Explain how co-ordination failure may lead to recession.

সমন্বয়ের ব্যর্থতা কিভাবে মন্দা সৃষ্টি করতে পারে তা ব্যাখ্যা করো।

(c) "Money supply is proportional to monetary base." – Explain the statement by identifying the factors of proportionality.

"অর্থের যোগান আর্থিক ভিত্তির আনুপাতিক।" – অনুপাতের উপাদানগুলি কি কি সেগুলি দেখিয়ে উক্তিটি ব্যাখ্যা করো।

6. Answer any ***two*** questions from the following: 15×2 = 30

নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) What does the Phillips curve say? Derive the Phillips curve from the aggregate supply curve and explain the relationship between unanticipated inflation and cyclical unemployment. When does the Phillips curve shift? 2+8+5

ফিলিপ্স রেখা বলতে কি বোঝো ? সামগ্রিক যোগান রেখা থেকে ফিলিপ্স রেখাটি নিরূপণ করো এবং অননুমিত মুদ্রাস্ফীতি ও চক্রাকার বেকারত্বের মধ্যে সম্পর্ক দেখাও। ফিলিপ্স রেখা কখন স্থান পরিবর্তন করে ?

(b) Explain how the Life Cycle Hypothesis attempt to explain the short run variability and long run constancy of Average Propensity to Consume (APC). What are the limitations of the theory? 12+3

গড় ভোগপ্রবণতার স্বল্পকালীন পরিবর্তনশীলতা ও দীর্ঘকালীন স্থিরতাকে জীবনচক্র প্রতিকল্পের সাহায্যে ব্যাখ্যা করো। এই প্রতিকল্পের সীমাবদ্ধতাগুলি কি কি ?

(c) What is meant by regressive expectation? Why the individual speculative demand is a step function while the aggregate demand function for money is downward sloping? 3+12

অধোগতিশীল প্রত্যাশা বলতে কি বোঝানো হয় ? কেন অর্থের ব্যক্তিগত ফাটকাজনিত চাহিদারেখাটি ধাপযুক্ত হয় যখন সামগ্রিক অর্থ চাহিদারেখাটি ঋণাত্মক নতিসম্পন্ন হয়ে থাকে ?

(d) Show that business fixed investment depends on marginal product of capital, the cost of capital and the amount of depreciation. In this respect do you think that the interest rate has any role in the determination of investment? Justify your answer. 12+3

দেখাও যে বাণিজ্যিক স্থির বিনিয়োগ মূলধনের প্রান্তিক উৎপাদন, মূলধনের ব্যয় এবং অবচয়ের উপর নির্ভর করে। এই পরিপ্রেক্ষিতে তুমি কি মনে করো যে বিনিয়োগের পরিমাণের নির্ধারণে সুদের হারের কোন ভূমিকা আছে ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

लक्ष्यं विधमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A./B.Sc. Honours PART-II Examinations, 2017

## ECONOMICS-HONOURS

## PAPER-ECOA-IV

Time Allotted: 4 Hours | Full Marks: 100

*The figures in the margin indicate full marks. Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

***Use separate Answer Book for each Group and mention the Group on Answer Book***

***প্রতিটি বিভাগের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করো এবং উত্তরপত্রের উপর বিভাগ উল্লেখ করো***

### Group-A
### বিভাগ-ক

1. Answer any ***three*** questions within 100 words each from the following: $4\times3 = 12$

নিম্নলিখিত যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর প্রতিটি ১০০ শব্দের মধ্যে দাওঃ

(a) Explain the concept of surplus labour as put forward by Amartya Sen.
অমর্ত্য সেনের দেওয়া উদ্বৃত্ত শ্রমের ধারণাটি ব্যাখ্যা করো।

(b) What do you mean by Incremental capital-output ratio?
'প্রান্তিক মূলধন-উৎপাদন অনুপাত' বলতে কি বোঝো?

(c) Explain the indivisibilities mentioned in 'Big-push' theory.
'বৃহৎ ধাক্কা' তত্ত্বে যে অবিভাজ্যতাগুলির কথা উল্লেখ করা হয়েছে সেগুলি ব্যাখ্যা করো।

(d) What is meant by 'Tragedy of Commons'?
'জনসাধারণের বিয়োগান্তক পরিণতি' বলতে কি বোঝায়?

(e) How can you distinguish between pre-conditions for take-off and take-off stages?
উল্লম্ফনের পূর্ব শর্তাবলী ও উল্লম্ফন পর্ব – এই দুই স্তরের মধ্যে কিভাবে পার্থক্য করবে ?

2. Answer any ***one*** question from the following: $8 \times 1 = 8$
নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) "Per-capita income may be used as starting point for classifying levels of development."– Explain the statement. 8
'উন্নয়নের স্তরে শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে মাথাপিছু আয়কে একটি সূচনা হিসাবে গণ্য করা যেতে পারে।' — এই বক্তব্যটি ব্যাখ্যা করো।

(b) Can population pressure inevitably result in low level equilibrium trap in any less developed country? – Explain. 8
কোন স্বল্পোন্নত দেশে জনসংখ্যার চাপ কি নিশ্চিতভাবেই নিম্নস্তরের ভারসাম্যের ফাঁদ সৃষ্টি করে ? – ব্যাখ্যা করো।

(c) Distinguish between the average and marginal capital output ratio. Is marginal capital-output ratio a useful concept in development planning? 3+5
'গড় মূলধন-উৎপন্ন অনুপাত' ও 'প্রান্তিক মূলধন-উৎপন্ন অনুপাত'-এর মধ্যে পার্থক্য করো। উন্নয়ন পরিকল্পনায় মূলধন-উৎপন্নের অনুপাতের ধারণাটি কি একটি প্রয়োজনীয় ধারণা ?

3. Answer any ***two*** questions from the following: $15 \times 2 = 30$
নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) Critically discuss Rostow's theory of stages of economic growth. What purpose it serves by defining stages of growth? 10+5
অর্থনৈতিক বিকাশের পর্যায় সম্পর্কিত রস্টোর তত্ত্বটি সমালোচনাপূর্বক বিবৃত করো। 'অর্থনৈতিক বিকাশের পর্যায়' আলোচনার উদ্দেশ্য কি ?

(b) Show that creation of urban employment will not solve the unemployment problem when rural labourers crowd in the urban areas in search of better employment opportunities. What policies should be adopted by the government to deal with the problem? 9+6
দেখাও যে উন্নততর সুযোগের খোঁজে যখন গ্রামাঞ্চলের শ্রমিক শহরাঞ্চলে ভীড় করে, তখন শহরাঞ্চলে নিয়োগ সৃষ্টি স্বল্পোন্নত দেশে বেকার সমস্যার সমাধান করতে পারে না। এই সমস্যা সমাধানে সরকারের কী নীতি গ্রহণ করা উচিত ?

(c) Distinguish between the notions of 'Economic Growth' and 'Economic Development.' Explain the concept of 'Human Development Index' and indicate why it is a qualitatively better measure of economic development than per-capita income. 6+9

'অর্থনৈতিক প্রসার' ও 'অর্থনৈতিক উন্নয়ন' এই দুটি ধারণার মধ্যে পার্থক্য নির্দেশ করো। 'মানব উন্নয়ন সূচক'-এর ধারণাটি ব্যাখ্যা করো এবং কেন এটি অর্থনৈতিক উন্নয়নের পরিমাপক হিসাবে মাথাপিছু আয়ের তুলনায় গুণগতভাবে উন্নততর তা নির্দেশ করো।

(d) Critically argue whether you accept the following statement: 'Globalisation has meant greener environment for developing countries.' 15

যুক্তিসহ নিম্নলিখিত বাক্যটির যাথার্থ্য আলোচনা করো – 'বিশ্বায়ন উন্নয়নশীল দেশগুলিতে সবুজতর পরিবেশ সৃষ্টি করেছে।'

## Group-B

## বিভাগ-খ

4. Answer any ***three*** questions within 100 words each from the following: 4×3 = 12

নিম্নলিখিত যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর প্রতিটি ১০০ শব্দের মধ্যে দাওঃ

(a) Distinguish between static and dynamic gains from trade.

আন্তর্জাতিক বাণিজ্যের স্থিতীয় ও গতীয় লাভের মধ্যে পার্থক্য করো।

(b) What do you mean by 'Infant Industry argument for protection'?

'শিশু-শিল্প সংরক্ষণের যুক্তি' বলতে কি বোঝো?

(c) What is Prebish-Singer thesis?

প্রেবিশ-সিঙ্গার তত্ত্বটি কি?

(d) What are the objectives of UNCTAD?

UNCTAD -এর উদ্দেশ্যগুলি কি কি?

(e) What is multinational corporation?

বহুজাতিক সংস্থা কাকে বলে?

5. Answer any ***one*** question from the following: 8×1 = 8

নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) Write a critical note on the role of FDI in economic development of less developed countries. 8

স্বল্পোন্নত দেশগুলির আর্থিক বিকাশে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগের ভূমিকা বিষয়ে একটি সমালোচনামূলক টীকা লেখো।

(b) Discuss the main functions of World Bank. 8

বিশ্বব্যাঙ্কের মূল কার্যাবলী আলোচনা করো।

(c) Discuss the need for economic planning in a less developed country. 8

স্বল্পোন্নত দেশে অর্থনৈতিক পরিকল্পনার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।

6. Answer any ***two*** questions from the following: 15×2 = 30

নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ

(a) Do you believe that international trade acts as an 'engine of growth' for less developed countries? 15

তুমি কি বিশ্বাস করো যে স্বল্পোন্নত দেশগুলিতে আন্তর্জাতিক বাণিজ্য অর্থনৈতিক 'বৃদ্ধির ইঞ্জিন' হিসাবে কাজ করে?

(b) Critically discuss the advantages and disadvantages of 'transfer of technology' to less developed countries by multinational corporations. 15

স্বল্পোন্নত দেশগুলিতে বহুজাতিক সংস্থার 'প্রযুক্তি হস্তান্তরের' সুবিধা ও অসুবিধাগুলির উপর সমালোচনামূলক পর্যালোচনা করো।

(c) Critically examine the policies of export-promotion and import-substitution as a more effective means of development in LDCs. 15

স্বল্পোন্নত দেশে উন্নয়নের অধিকতর কার্যকর উপায়রূপে রপ্তানি-বর্ধন ও আমদানি প্রতিস্থাপন –এই দুই নীতির সমালোচনামূলক পরীক্ষা করো।

(d) How does the IMF help the member countries suffering from balance of payment deficit in their current account? Have the objectives, for which IMF was established, been successfully realised? Justify your answer with arguments. 9+6

IMF কিভাবে সদস্য রাষ্ট্রগুলিকে লেনদেন ব্যালান্সের চলতি খাতে ঘাটতি থাকলে তাদের সাহায্য করে থাকে? যে উদ্দেশ্যে IMF গঠিত হয়েছিল তা কি পুরোপুরি সফল হয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।